

**শুমারি কার্যক্রমের জন্য অস্থায়ী
সুপারভাইজার ও তালিকাকারীর নির্বাচন বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর কেবল লিস্টিং অপারেশন কার্যক্রম চলাকালীন সময়ের জন্য 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নির্বাচনের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র অত্র উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/- (ভ্যাট সহ, মোট) (সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও অন্যান্য খাতে উক্ত টাকা হতে কর্তণ করা হবে)	১) ন্যূনতম স্মার্তক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্তফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্তফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্তফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন। পারিতোষিক: ৮০০০/- (ভ্যাট সহ, মোট) (সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও অন্যান্য খাতে উক্ত টাকা হতে কর্তণ করা হবে)	১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে। ২) নিজস্ব স্মার্তফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্তফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্তফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।


বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- আবেদনের নির্ধারিত ফরম www.bhandaria.pirojpur.gov.bd অথবা www.bbs.bhandaria.pirojpur.gov.bd অথবা www.bbs.pirojpur.gov.bd ওয়েব সাইট থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্তফোন রয়েছে এবং স্মার্তফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নির্বাচনের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীক্ষিত হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটামাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ২৬/০১/২০২০খি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার কমিটির তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- নির্বাচিত তালিকাকারী ও সুপারভাইজারের চূড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর এর নোটিশ বোর্ডে ও www.bhandaria.pirojpur.gov.bd অথবা www.bbs.bhandaria.pirojpur.gov.bd অথবা www.bbs.pirojpur.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সাক্ষাতকার গ্রহণের সময়সূচী:

পৌরসভা/ইউনিয়নের নাম	তারিখ
১। ভান্ডারিয়া পৌরসভা, গৌরিপুর ও ভিটাবাড়িয়া ইউনিয়ন	০৪/০২/২০২০ ইং
২। ধাওয়া, নদমূলা, ইকড়ি ও তেলিখালী ইউনিয়ন	০৫/০২/২০২০ ইং
স্থান	সময়
উপজেলা পরিষদ অডিটরিয়াম, ভান্ডারিয়া	সকাল ১০.০০ হতে বিকাল ৫.০০


স্বাক্ষর: কাজীমুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ভান্ডারিয়া, পিরোজপুর